



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

তারিখঃ ২২/০৬/২০১৬ইং।

“পৌর এলাকার ৪ নং ওয়ার্ডের বাসিন্দাদের সমস্যা শুনলেন ও সমাধানের আশ্বাস দিলেন পৌর মেয়র সকলের সহযোগিতা পেলে চুয়াডাঙ্গা পৌরসভা হবে উন্নয়নের রোল মডেল”

গত ইং ২১/০৬/২০১৬ তারিখ সকাল ৯.০০টায় ৪নং ওয়ার্ডের মাঝের পাড়া এলাকা পরিদর্শনে চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু বলেছেন, চুয়াডাঙ্গা পৌরবাসীর সার্বিক উন্নয়নে আমি ও আমার পরিষদ বদ্ধ পরিকর। ভোটের আগে পৌরবাসীর দেয়া উন্নয়নের অঙ্গীকার বাস্তবায়নে আমি নিরলসভাবে কাজ করছি। চেষ্টা করছি পৌরবাসীর নাগরিক সেবা নিশ্চিত করার।

সোমবার সকালে চুয়াডাঙ্গা পৌরসভার ৪ নং ওয়ার্ডের মাঝের পাড়ার বাসিন্দাদের সাথে আলাপকালে এ মন্তব্য করেন তিনি।

পৌর মেয়র বলেন, এই ওয়ার্ডের ড্রেনেজ ব্যবস্থা, সুপেয় পানিসহ কিছু সমস্যা বিদ্যমান রয়েছে। যেটা আমার নজরে আছে। ইতিমধ্যে পৌরসভার প্রতিটি ওয়ার্ডে সড়ক উন্নয়নের কাজ চলছে, এরপর শুরু হবে ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের কাজ। পর্যায়ক্রমে প্রতিটি ওয়ার্ডের নাগরিকদের শতভাগ সেবা নিশ্চিত করারও অঙ্গীকার করেন তিনি।

পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী সকাল ৯টায় ৪নং ওয়ার্ডের মাঝের পাড়া এলাকা পরিদর্শন করেন। এ সময় তিনি মহল্লার বাড়িতে বাড়িতে গিয়ে তাদের সমস্যার কথা শুনেন। এ সময় অনেকেই মহল্লার ড্রেনেজ ব্যবস্থা ও সুপেয় পানি নিয়ে তাদের সমস্যার কথা মেয়রের সামনে তুলে ধরেন। তাৎক্ষণিকভাবে মেয়র ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের কাজ (পরিষ্কার পরিচ্ছন্ন) শুরু করেন। বলেন আগামী প্রকল্পে মাঝের পাড়ার ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের কাজকে (নতুন করে) অগ্রাধিকার দেয়া হবে। পৌরসভার সাপ্লাই পানি নিয়েও খোলা মেলা কথা বলেন মেয়র। বলেন কয়েক বছর আগে পৌরসভার সাপ্লাইকৃত পানি দূষিত হওয়ার কারণে অনেকেই পৌরসভার পানি ব্যবহার করেন না। তিনি পৌরবাসীকে আশ্বস্ত করে বলেন আপনারা নিঃসন্দেহে সাপ্লাইকৃত পানি ব্যবহার করবেন। কারণ আমি মেয়র হিসাবে দায়িত্ব নেবার পর পৌরসভার যে কটি গভীর অগভীর পানির ট্যাংক ও পাম্প রয়েছে তা পরিষ্কার (নিয়মিত ভাবে) পরিচ্ছন্ন করছি, বেশ কয়েকবার পানি পরীক্ষা নিরীক্ষাও করা হয়েছে।

পৌর মেয়র ওবায়দুর রহমান জিপু পৌরবাসীর উদ্দেশ্যে বলেন, আপনারা আমাকে সহযোগিতা করলে চুয়াডাঙ্গা পৌরসভা হবে বাংলাদেশের উন্নয়নের রোল মডেল।

সকালে ড্রেনেজ ব্যবস্থা পরিষ্কার কাজ শুরুর পর দুপুরে আবারও কাজের তদারকি দেখতে যান মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু। এ সময় তার সাথে ছিলেন পৌরসভার সচিব কাজী শরিফুল ইসলাম, সহকারী প্রকৌশলী (পানি) এ, এইচ, এম সাহীদুর রশিদ, পৌরসভার ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর একরামুল হক মুক্তা, ৮ নং ওয়ার্ডের কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, ২ নং ওয়ার্ডের কাউন্সিলর মুন্সি রেজাউল করিম খোকন, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি জাহাঙ্গীর আলম, সাংগঠনিক সম্পাদক আরিফুল ইসলাম ডালিম ও পৌরসভার কনজারভেপ্সি (ড্রেনেজ) পরিদর্শক, জোবায়ের রহমান।

সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকাদিন।



পৌর এলাকার ৪ নং ওয়ার্ডের মাঝের পাড়া এলাকা পরিদর্শন কালে ধারণকৃত আলোকচিত্র



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকাদিন।